যুগান্তর

তারিখ 5 FEB 2003 পৃষ্ঠা ৩

# চট্টগ্রামে কলেজ শিক্ষকদের ওপর হামলা : আহত ৩

চট্টগ্রাম ব্যুরো

নগরীর হাজেরা-তজু ডিগ্রি কলেজে গতকাল মঙ্গলবার একদল ছাত্র বহিরাগত সন্ত্রাসীসহ শিক্ষকদের ওপর হামলা ও ভাংচুর করেছে। এইচএসসির নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য ছাত্রদের ফরম পূরণ করতে না দেয়ায় ক্ষুব্ধ হয়ে তারা এ হামলা চালায়।

ছাত্ররা বহিরাগত সন্ত্রাসীসহ শিক্ষকদের ওপর হামলার পর তাদের কলেজ থেকে বের করে দেয়। সন্ত্রাসীদের হামলায় তিনজন শিক্ষক গুরুতর আহত হন। সকাল ১০টায় এ ঘটনা ঘটে। এর প্রতিবাদে শিক্ষকরা তাৎক্ষণিকভাবে কলেজ ক্যাম্পাসে অবস্থান ধর্মঘট পালন এবং সব ধরনের একাডেমিক কার্যক্রম থেকে বিরত থাকেন। বিশিষ্ট রাজনীতিবিদ ও শিল্পপতি নুরুল ইসলাম বিএসসি প্রতিষ্ঠিত ও পরিচালিত এই কলেজের ৩৩ জন শিক্ষক-শিক্ষিকা এবং ১৩ জন কর্মকর্তা-কর্মচারী এ ঘটনার প্রতিবাদে বিকালে চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে অবস্থান ধর্মঘট পালন করেন। তারা যুগান্তরকে বলেন, হামলাকারীদের সঙ্গে রাজনীতিবিদদের সম্পর্ক আছে। শিক্ষকরা কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য প্রশাসনের প্রতি দাবি জানান। হামলাকারীদের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষ মামলা করবে বলে শিক্ষকরা জানান।

প্রসঙ্গত, এ বছর থেকে এইচএসসি নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য এবং পরীক্ষায় যারা অংশগ্রহণ করবে না তাদের মূল পরীক্ষার জন্য ফরম পূরণ করার অনুমতি বাতিল করা হয়েছে।